যুগান্তর

তারিখ 02 APR 2015
পৃষ্ঠা ৭ কলাম ৪

# ইবিতে একই দিনে সব বিভাগে ভর্তি সাক্ষাৎকার শুরু

## হল খুলবে কাল

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১৪-১৫ শিক্ষাবর্ষে স্নাতকে ভর্তিতে সবকটি ইউনিটে সাক্ষাৎকার পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী আগামী ৪ এপ্রিল শুরু হচ্ছে।

চলবে ৮ এপ্রিল পর্যন্ত। এ সময়ের মধ্যেই ৮টি ইউনিটে মেধাতালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের সাক্ষাৎকার একযোগে অনুষ্ঠিত হবে। একই দিনে একাধিক ইউনিটে সাক্ষাৎকারের সময়সূচি পড়ায় বিড়ম্বনায় পড়েছেন একাধিক ইউনিটে মেধা তালিকায় থাকা ভর্তিচ্ছুরা।

**হল খুলবে কাল :** দীর্ঘ প্রায় চার মাস বন্ধের পর ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) অবশেষে খুলছে। একই সঙ্গে ১০টি শর্তসাপেক্ষে শুক্রবার সকালে সাড়ে ৯টায় সব আবাসিক হল খুলে দেয়া হচ্ছে।

একই সঙ্গে অনির্দিষ্টকালের জন্য সব ধরনের ছাত্র রাজনীতির ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। বুধবার সন্ধ্যা ৬টায় অনুষ্ঠিত এক জরুরি সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। বাসচাপায় ছাত্র নিহতের ঘটনায় উদ্ভূত পরিস্থিতিতে গত বছরের ১ ডিসেম্বর থেকে ইসলামী বিশ্ববিদ্যালয় বন্ধ রয়েছে।